

গতরে পচন

শামস্ রহমান

প্রমোদভ্রমণে বন্দী
ঐশ্বর্যশালী
গাহনে নেমেছে প্রত্যহ
অনাবৃত গতরে;
আয়নার মুখোমুখি দাঁড়িয়ে স্বযত্নে
কামানো জৌলুস গাল
সিন্তু করেছে
ফরাসী সুগন্ধি আতরে।
তবে নত করেনি
গর্দান কভু
আয়নার সমুখে
অনবগুণ্ঠিত দস্তে।।

গাহন শেষে সেদিন দ্যাখে
পুবের আকাশে ভরা জ্যেৎম্না
ভরে দিয়েছে
অবগাহন;
জ্যোতির্ময় আভায় আধৃত
স্বীয় প্রতিচ্ছবি ঠাহরে
নত করে শির
করে আত্মসমর্পন।।

শরমে সত্বর
সজোরে চেপে ধরে
অস্তিত্ব
লাল কানুনে;
কালনাগিনীর বিষাক্ত নিঃশ্বাস
ইতিমধ্যে
ছেয়ে গ্যাছে সমস্ত
স্বত্বা গোপনে।।

ত্বরিতে ঘটে তছনছ
তাবদ গতরের ভিতর -
তাই চরণ চলে গতর ফেলে
আপন মনে
একলা চলার ব্রত নিয়ে;
পেশীর বাহারে
বালু তন্ময়
সৃষ্টি করে নিজেকে ঘিরে
নতুন বলয়;
জগত ঠেলে
অন্ধকারে
আঁখি দ্যাখে জ্যোতি ফেলে
কেবলই আপন ভুবন;
হৃদয় গড়ে
সঙ্গোপনে
ভিন্ন গতর
গতর পঞ্জরে ॥

মেলবর্গ, ২০ এপ্রিল ২০২০